

# এটা কি?

দ্য Fire Department of New York (FDNY) বিভিন্ন বিপজ্জনক পেশার জন্য Certificates of Fitness (COF) (ফিটনেস সার্টিফিকেট) ইস্যু করে। প্রতিটি আবেদনকারী যাতে কর্মক্ষেত্রে বিপজ্জনক জিনিসপত্র নিরাপদে ব্যবহার, সঞ্চয় ও পরিচালনা করা যাতে জানতে পারে তা নিশ্চিত করতে আমরা তাদের পরীক্ষার সুযোগ দিই।

মেনে চলা ও নিরাপত্তার জন্য পড়ার সামগ্রী ও অন্যান্য গাইডেন্স প্রদান করার মাধ্যমে আমরা আপনার মতো আবেদনকারীদের সহায়তা করি।

New York City Fire Code (নিউইয়র্কের অগ্নি নির্বাপক বিভাগের বিধি) এর অধীনে COF করতে হবে:


কিছু উপকরণ প্রস্তুত, মজুদ, সামলানো, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, পরিদর্শন, পরীক্ষা, পরিবহন, আয়োজন বা চালনা করা, পরিচালনা, বা সুবিধার জন্য। উপকরণের সাধারণ তত্ত্বাবধান বা ব্যক্তিগত তত্ত্বাবধান, পরিচালনা বা সুবিধার জন্য COF করা হতে পারে।

বেশিরভাগ COF 3 বছরের জন্য বৈধ। আপনি COF সম্পর্কে আরো জানতে **অগ্নি বিধির FC 113** ধারা পড়তে পারেন।

- **COF এর সম্পূর্ণ তালিকা এবং তা পাওয়া ও পুনর্নবীকরণের আবশ্যিকতা দেখতে [www.nyc.gov/fdny](http://www.nyc.gov/fdny) দেখুন**

# মানচিত্র

Fire Department হেডকোয়ার্টার  
Flatbush Avenue প্রবেশপথ



ভবনে অস্ত্র, সরঞ্জাম ও জিনিসপত্র অনুমোদিত নয়।



FIRE DEPARTMENT - CITY OF NEW YORK  
9 METROTECH CENTER - BROOKLYN, NEW YORK 11201



# FDNY

[www.nyc.gov/fdny](http://www.nyc.gov/fdny)

ব্যবসা

অগ্নি নির্বাপক  
বিভাগের  
থেকে  
Certificate  
of Fitness,  
COF (ফিটনেস  
সার্টিফিকেট)  
পাওয়া

সহায়তা নির্দেশিকা

Bengali

# আমি কিভাবে এটা পাবো?

বেশিরভাগ Certificates of Fitness\* আপনার নিয়োগকর্তার থেকে সই ও তারিখ সহ সুপারিশের চিঠি যেখানে লেখা থাকবে আপনি কি ধরনের বিপজ্জনক কাজ করেন।

একটি আবেদন সম্পূর্ণ করুন, সরকারি পরিচয়পত্র ও পেমেন্ট পদ্ধতি উপলব্ধ করুন।\*\*

আমাদের ক্রকলিনের হেডকোয়ার্টারে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা দিন ও উত্তীর্ণ হোন। (সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে দুপুর 2:30 পর্যন্ত পরীক্ষার জন্য কোনো অ্যাপয়েন্টমেন্ট নেওয়া হয় না\*\*\*)। পরীক্ষা কেবল ইংরেজীতে হয়।

আপনার পরীক্ষার পরেই আপনার COF কার্ড সহ অবিলম্বে পরীক্ষা ফলাফল প্রদান করা হয়।

\* যদি আপনার কাছে সুপারিশ পত্র না থাকে, আপনি একটি FDNY সাময়িক পত্র পাবেন, যেখানে বলা থাকবে যে আপনি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।

\*\* COF আবেদন পত্র অনলাইনে উপলব্ধ। আমরা ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট বা IDNYC গ্রহণ করব। বেশিরভাগ পরীক্ষার খরচ \$25 এবং নগদ, চেক, মানি অর্ডার, ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডে (ক্রেডিট কার্ডের জন্য সুবিধা বাবদ 2.49% ফি নেওয়া হবে) পেমেন্ট করা যাবে। আপনি প্রতিদিন কেবল 2টি পরীক্ষা দিতে পারবেন।

\*\*\* ছুটির দিন আমাদের অফিস বন্ধ থাকে। যদি আপনি কার্য সময়ে আসতে না পারেন তাহলে 718-999-1988 এ ফোন করে একটি অ্যাপয়েন্টমেন্ট স্থির করুন।



Certificate of Fitness (COF) কার্ডের নমুনা

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমার COF এর প্রয়োজন তা আমি কি করে বুঝবো? 311 নম্বরে ফোন করুন বা আপনার নিয়োগকর্তাকে জিজ্ঞাসা করুন। আপনাকে কোনো ইমপেক্টর বা দমকলকর্মী আপনার কাজের ধরন বুঝে কার্ড নেওয়ার কথা বলতে পারেন।

কাজ পাওয়ার আগে আমার COF এর প্রয়োজন হলে কি হবে? পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হোন এবং FDNY আপনাকে একটি চিঠি পাঠাবে যা আপনার সম্ভাব্য নিয়োগকর্তাদের কাছে উপস্থাপন করা হবে।

পরীক্ষাটির জন্য আমাকে কিভাবে প্রস্তুতি নিতে হবে? FDNY তার ওয়েবসাইটে বিনামূল্যের পঠন সামগ্রী প্রদান করে।

পরীক্ষার জন্য আমাকে কতক্ষণ পড়াশুনো করতে হবে? এটি আপনার অভিজ্ঞতার স্তর, ইতিহাস, শিক্ষা এবং আপনি যে ধরনের কাজ করেন তার উপর নির্ভর করে।

FDNY কি প্রস্তুতি ক্লাস প্রদান করে? না। আমরা বাইরে কোনো প্রস্তুতি কোর্স অনুমোদন করি না।

পরীক্ষা কি কাগজ-কলমে দিতে হবে? না। স্ক্রীন স্পর্শ করার প্রযুক্তি ব্যবহার করে পরীক্ষা কম্পিউটারে হবে।

যদি আমি ইংরেজী ভাষায় সাবলীল না হই তাহলে আমি কি অভিধান আনতে পারি? হ্যাঁ। কাগজে অভিধান পরীক্ষায় ব্যবহার করা যাবে। বাইরের কোনো কাগজ, বই বা ইলেক্ট্রনিক ডিভাইস পরীক্ষার সময় ব্যবহার করা যাবে না।

পরীক্ষায় কতগুলি প্রশ্ন থাকবে ও কতক্ষণ সময় লাগবে? বেশিরভাগ পরীক্ষায় 20-25টি প্রশ্ন থাকে। সমগ্র পরীক্ষায় সময়সীমা হল 2 ঘন্টা।

পরীক্ষার খরচ কত? বেশিরভাগ খরচ \$25। পরীক্ষার সম্পূর্ণ তালিকার জন্য FDNY ওয়েবসাইট দেখুন।